



## ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণী

৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

সভাপতি : জনাব আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান, ৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ,  
জামালপুর সদর, জামালপুর।  
সভার স্থানঃ ইউনিয়ন পরিষদ হলরুম

তারিখঃ ২৪/০২/২০২১ইং


সময়ঃ বেলা ১১ঃ০০ ঘটিকা

### সভায় উপস্থিতি সদস্যদের হাজিরা খাতা দ্রষ্টব্য :

সভায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম শুরু করার জন্য ইউপি সচিব মোঃ ফজলুল করিম সাহেবকে নির্দেশ প্রদান করেন। সচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্যক্রম আরম্ভ করেন। শুরুতেই সচিব সাহেব উন্নয়ন মূলক বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন বিষয়ে দিক নির্দেশনা মূলক আলোচনা করেন। পরিষদের সকল কাজে সকল বিভাগ থেকে পরামর্শ ও সহযোগিতা করে স্থানীয় সরকার বিভাগের এবং বাংলাদেশ সরকারের অংশিদারিত্ব মূলক প্রকৃষাকে ত্বরান্বিত করার জন্য অনুরোধ করেন। প্রস্তাবটি সর্ব সম্মতি ক্রমে গৃহিত হইল। আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নে উল্লেখিত পরামর্শ মূলক বিষয় গুলো বাস্তবায়নের জন্য গ্রহণ করা হইল।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচ্য মন্তব্য	গৃহিত সিদ্ধান্ত
০১	ঝড়ে পড়া শিশুদের বিদ্যালয়ে যাওয়া প্রসঙ্গে।	জনাব মোঃ রুহুল আমীন, প্রধান শিক্ষক, নান্দিনা মডেল একাডেমী উচ্চ বিদ্যালয় উপস্থাপন করেন যে, বাংলাদেশের মত আমাদের এলাকার শিক্ষা উপযোগী শিক্ষার্থী বিদ্যালয়ে না গিয়ে বিভিন্ন প্রকার আড়তার সাথে জড়িয়ে পরে বিপথে চলে যাচ্ছে। ফলে দেশের যুব সমাজ ধ্বংস হয়ে পরছে। তাই কোন এলাকার শিশু যেন বিদ্যালয়ে না গিয়ে ঝড়ে পরতে না পারে তার ব্যবস্থা করা হোক।	সভাপতি সাহেব জানান যে, উক্ত বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ম্যানেজিং কমিটির সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য নির্দেশ প্রদান করা হইল।
০২	ফসল রক্ষায় পোকামাকড় নিধন করণ প্রসঙ্গে।	জনাব মোঃ আমিনুল ইসলাম, উপসহকারী কৃষি কর্মকর্তা সাহেব উপস্থাপন করেন যে, আমাদের রানাগাছা ইউনিয়ন একটি সবজি উৎপাদনকারী এলাকা। বর্তমান মৌসুমে সবজি উৎপাদনের প্রধান অন্তরায় হলো সবজে পুকা। যাহা টমেটো ও বেগুন সমূহ ক্ষতি করে কৃষকদের মারাত্মক ক্ষতি সাধন করে আসছে। উক্ত বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি সাহেবকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হইল।	এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানান।
০৩	বাল্য বিবাহ ও শিশু শ্রম নিরোধ প্রসঙ্গে।	জনাব মোঃ আব্দুল লতিফ সাহেব প্রস্তাব করেন যে, অত্র রানাগাছা ইউনিয়ন এলাকায় এখনও বাল্য বিবাহ হওয়ার প্রবনতা দেখা যাচ্ছে যাহা সরকারী আইনের পরিপন্থী। এই বিষয়ে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে। অভিভাবক ও পাত্র পাত্রীদেরকেও সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজী সাহেবগণ জন্ম নিবন্ধন সনদের মূল কপি দেখে এবং সত্যায়িত ফটোকপি গ্রহণ করে বিবাহ রেজিস্ট্রি কার্য সম্পাদন করেন তার জন্য নিকাহ রেজিস্ট্রার সাহেবদের নির্দেশ প্রদান করার ব্যবস্থা করা হোক। এর ফলে স্ক্যান করা সনদের ব্যবহার বন্ধ হয়ে যাবে।	কাজী সাহেবগণ জন্ম নিবন্ধন সনদের মূল কপি দেখে এবং সত্যায়িত ফটোকপি গ্রহণ করে বিবাহ রেজিস্ট্রি কার্য সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হইল। কাজী সাহেব উক্ত নির্দেশ মোতাবেক কার্য সম্পাদন করবেন বলে মতামত পেশ করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪/০২/২১  
আলহাজ্ব মোঃ আব্দুল জলিল  
চেয়ারম্যান  
০৯নং রানাগাছা ইউনিয়ন পরিষদ  
জামালপুর সদর, জামালপুর।